



জুলাই আন্দোলনে গুলি চালানো আওয়ামী লীগ কর্মী শুভ গ্রেপ্তার



সংগৃহীত ছবি

রাজধানীর মোহাম্মদপুরে জুলাই আন্দোলনে ছাত্রদের ওপর গুলি চালানোর অভিযোগে আওয়ামী লীগ কর্মী সুমন আহমেদ শুভকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। তিনি পলাতক কাউন্সিলর রাজিবের ঘনিষ্ঠ সহযোগী ও বডিগার্ড ছিলেন।

রাজধানীর মোহাম্মদপুরে জুলাই আন্দোলনে ছাত্রদের ওপর গুলি চালানোর ঘটনায় জড়িত আওয়ামী লীগ কর্মী সুমন আহমেদ শুভ (৩৮)কে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী। বুধবার (২৪ সেপ্টেম্বর) সকালে বসিলা আর্মি ক্যাম্পের সদস্যরা ঢাকা উদ্যান এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে।

সেনাবাহিনীর পক্ষ থেকে জানানো হয়, শুভ ছিলেন পলাতক কাউন্সিলর রাজিবের ঘনিষ্ঠ সহযোগী ও বডিগার্ড। আন্দোলনের সময় তিনি সরাসরি গুলি চালানায় অংশ নেন, যার ভিডিও প্রমাণও সেনাদের হাতে রয়েছে।

গ্রেপ্তারের পর প্রাথমিক জিজ্ঞাসাবাদে শুভ অস্ত্র থাকার কথা স্বীকার করলেও তাৎক্ষণিকভাবে কোনো অস্ত্র উদ্ধার করা সম্ভব হয়নি। তার দেওয়া তথ্যের ভিত্তিতে আরও অভিযান চালানো হবে বলে জানানো হয়।

আটক সুমন আহমেদ শুভকে পরবর্তী আইনি প্রক্রিয়ার জন্য মোহাম্মদপুর থানায় হস্তান্তর করা হয়েছে বলে নিশ্চিত করেছেন ৪৬ স্বতন্ত্র পদাতিক ব্রিগেডের একজন কর্মকর্তা।